যুগান্তর

তারিখ 2 4 DEC 2006 পৃষ্ঠা ২০ কলাম ৮

২০



যুগান্তর
শনিবার জাবির প্রশাসনিক ভবন ঘেরাও করে আন্দোলনকারী শিক্ষার্থীরা

### যৌন নিপীড়নের অভিযোগ

# জাবি শিক্ষক গোলাম মোস্তফা সাসপেন্ড

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক ড. গোলাম মোস্তফাকে যৌন নিপীড়নের অভিযোগে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় তার বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণের জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়নবিরোধী নীতিমালা প্রণয়নেও অপর একট কমিটি গঠন করা হয়।

জানা যায়, ছাত্রছাত্রীদের আন্দোলনের মুখে শনিবার বিকাল সাড়ে ৫টার দিকে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরি সভা বসে। প্রায় আড়াই ঘণ্টাব্যাপী এ বৈঠকে অভিযুক্ত শিক্ষক ড. গোলাম মোস্তফাকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে তার বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্য খন্দকার মুস্তাহিদুর রহমানকে প্রধান করে ৬ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। এর আগে বিশ্ববিদ্যালয়ের আন্দোলনকারী শিক্ষার্থীরা তিন দফা দাবি আদায়ে বিকাল ৩টা থেকে প্রশাসনিক ভবন ঘেরাও করে রাখে। ঘেরাও কর্মসূচিতে ৫শ'র বেশি শিক্ষার্থী অংশ নেয়।

প্রসঙ্গত, ১৬ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের এক নবীন ছাত্রী একই বিভাগের শিক্ষক ড. গোলাম মোস্তফার বিরুদ্ধে অশালীন আচরণের অভিযোগ করে। পরে আরও ১০ ছাত্রী ওই শিক্ষকের বিরুদ্ধে লিখিত অভিযোগ করে। এ ঘটনা তদন্তের জন্য ৯ ডিসেম্বর একটি কমিটি গঠন করা হয়। এ কমিটির রিপোর্টের ভিত্তিতে গতকাল সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।